DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 01:33 PM

খেলা

# ফাইনালে আর্জেন্টিনাকে সমর্থন করবেন সিডনি সুইনি

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ফিফা বিশ্বকাপের ফাইনাল ম্যাচে আজ রোববার (১৯ জুলাই) নিউজার্সির মেটলাইফ স্টেডিয়ামে স্পেনের মুখোমুখি হতে যাচ্ছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা। হাইভোল্টেজ এই ম্যাচে আর্জেন্টিনার প্রতি সমর্থন জানিয়েছেন হলিউড অভিনেত্রী সিডনি সুইনি।

জনপ্রিয় টিভি সিরিজ □ইউফোরিয়া□র এ অভিনেত্রী ইনস্টাগ্রামে একটি ভিডিও পোস্ট করেন, যেখানে তাকে ফুটবল খেলতে দেখা যায়। ভিডিওটির মাধ্যমে তিনি বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনার প্রতি সমর্থন জানান।

পোস্টের ক্যাপশনে সুইনি লেখেন, □এই সপ্তাহান্তে তোমাদের সমর্থন কার দিকে? আর্জেন্টিনা, যদি আমাকে প্রয়োজন হয় জানিও।□ সঙ্গে তিনি একটি চোখ টেপার ইমোজিও ব্যবহার করেন, যা ছিল মজার ছলে আর্জেন্টিনাকে সাহায্যের প্রস্তাব দেওয়ার মতো।

তার এই পোস্ট দ্রুত ফুটবল ভক্তদের নজরে আসে। অনেক আর্জেন্টাইন সমর্থক তার সমর্থনকে স্বাগত জানান, অন্যদিকে স্পেনের কিছু সমর্থক হতাশা প্রকাশ করেন।

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**

নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...




**জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত**

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




**টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ**

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




**তিন ইনিংসে □তিন ডাক□ লিটনের**

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/fainale-arjentinake-smrthn-krben-sidni-suini